# জাতীয় ঐকমত্য বৈঠক থেকে বিএনপির ওয়াকআউট, নিয়োগ ইস্যুতে তীব্র অমত



সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠক থেকে হঠাৎ করেই ওয়াকআউট করেছে বিএনপি। সোমবার (২৮ জুলাই) সকালে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত সংলাপে সরকারি নিয়োগ সংক্রান্ত আলোচনার সময় এ ঘটনা ঘটে।

দিনের শুরুতে কমিশনের পক্ষ থেকে চারটি সংস্থার—সরকারি কর্মকমিশন (পিএসসি), দুর্নীতি দমন কমিশন (দুদক), মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং ন্যায়পাল—নিয়োগ বিধান নিয়ে আলোচনা শুরু হয়। আলোচনার একপর্যায়ে এ বিষয়টি ঘিরে অসন্তোষ জানিয়ে বৈঠক ত্যাগ করে বিএনপির প্রতিনিধি দল।

তবে একইদিনের পরবর্তী অধিবেশনে সংসদে নারীর প্রতিনিধিত্ব বৃদ্ধি সংক্রান্ত আলোচনায় অংশ নেওয়ার কথা রয়েছে বিএনপির।

বৈঠকের শুরুতে জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ জানান, রাজনৈতিক দলগুলোর কাছে আজকের (২৮ জুলাই) মধ্যেই "জুলাই সনদের" খসড়া পাঠানো হবে। তবে সনদটি এখনো চূড়ান্ত হয়নি। এতে সনদের প্রেক্ষাপট ও প্রস্তাবিত সংস্কার বিষয়ক পটভূমি অন্তর্ভুক্ত থাকবে। রাষ্ট্রপতির ক্ষমতার ভারসাম্যসহ বেশ কিছু মৌলিক ইস্যুতে আলোচনা হলেও এখনো ঐকমত্যে পৌঁছানো যায়নি বলে জানান তিনি।

এর আগে, গত ২৩ জুলাই রাজধানীর দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী ও অভিভাবকদের ওপর আইনশৃঙ্খলা বাহিনীর হামলার প্রতিবাদে জাতীয় ঐকমত্য সংলাপ থেকে প্রতীকী ওয়াকআউট করেছিল সিপিবিসহ তিনটি দল। সেদিন অধিবেশন শুরু হতেই সিপিবির সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স দাঁড়িয়ে প্রতিবাদ জানান।